

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৩৯

৮. পবিত্ৰতা অর্জন (كِتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে কাঁধের গোসত খেয়ে নতুন করে ওয়ূ না করে সালাত আদায় করেছেন, সেটা মেষের গোসত ছিল; উটের গোসত নয়- এই মর্মে তৃতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَالِثٍ يُصرِّحُ بِأَنَّ الْكَتِفَ الَّذِي أَكَلَهُ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصلَّى مِنْ غَيْرِ إِحْدَاثِ وُضُوءٍ كَانَ ذَلِكَ كَتِفَ شَاةٍ لَا كَتِفَ إِبِلِ

আরবী

1139 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ قَالَ: حَدَّثَنَا أَبُو مَرْوَانَ الْعُتْمَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَكَلَ كَتِفَ شَاةٍ ثُمَّ قَامَ إِلَى الصلاة فصلى ولم يتوضأ ولم يتمضمض.

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1139 ا خلاصة حكم المحدث:. صحيح ـ ((الصحيحة)) (3028): ق دون ذكر المضمضة.

বাংলা

১১৩৯. আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মেষের কাঁধের গোশত খেয়েছেন তারপর সালাত আদায় করেছেন কিন্তু ওয়ু করেননি এবং কুলিও করেননি।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৩৫; মুসনাদ আহমাদ: ১/৩৬৫; আত তায়ালিসী: ১/৫৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটিকে 'কুলি করা' অংশ বাদে বাকী অংশকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩০২৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন